সংবাদ

তারিখ 22 MAR 2016
পৃষ্ঠা ১৬ কলাম ২

# খুদেদের নির্বাচনী শিক্ষায় ছুরির আঘাত

প্রতিনিধি, ভেড়ামারা (কুষ্টিয়া)

কুষ্টিয়ার ভেড়ামারা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের স্কুল কেবিনেট নির্বাচনকে কেন্দ্র করে এক ছাত্রের ছুরিকাঘাতে অন্য ছাত্র গুরুতর আহতের ঘটনা ঘটেছে। গতকাল দুপুর ১টায় স্কুল চত্বরে ১০ম শ্রেণীর ছাত্র রাকিন আহমেদ নামের এক ছাত্র ৯ম শ্রেণীর ছাত্র ও নবনির্বাচিত কেবিনেট মেম্বার শান্ত হোসেনকে ছুরিকাঘাত করে গুরুতর আহত করে। আহত শান্তকে প্রথমে ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি ঘটলে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।

স্কুলের প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, ভেড়ামারা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের স্কুল কেবিনেট নির্বাচনকে কেন্দ্র করে কিছু দিন ধরে ২ ছাত্রের মধ্যে বাকবিতণ্ডা চলে আসছিল। গতকাল কেবিনেট নির্বাচনে ৮ জন প্রতিনিধি নির্বাচিত হয়। এর মধ্যে ৯ম শ্রেণীর ছাত্র শান্তও ছুরির : পৃষ্ঠা : ২ ক : ৭

## ছুরির : আঘাতে

(১৬ পৃষ্ঠার পর)

নির্বাচিত হয়। এতে ক্ষিপ্ত হয়ে ১০ম শ্রেণীর ছাত্র রাকিন গতকাল দুপুর ১টায় টিফিনের বিরতির সময় স্কুল চত্বরেই শান্তকে হুমকি দেয়। এতে দুজনের মধ্যে তর্ক বেধে যায়। এক পর্যায়ে রাকিন পকেট থেকে ধারালো চাকু বের করে শান্তর পেটে আঘাত করে। এতে শান্ত রক্তাক্ত হয়ে গুরুতর আহত হয়। পরে তাকে স্কুলের শিক্ষকরা উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। এ ঘটনার সংবাদ পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হয়। রাকিন হোসেন কাঠেরপুল মঠপাড়া গ্রামের রুহুল ইসলামের ছেলে। আহত শান্ত শহরের ফারাকপুর গ্রামের মাহাবুব আলীর ছেলে। অভিযোগ পাওয়া গেছে, রাকিনকে এ পর্যন্ত ৩ বার স্কুল থেকে বের করে দেয়া হয়েছিল। কিন্তু তার অভিভাবকরা সর্বশেষ একটি সুযোগ দেয়ার জন্য আকুতি জানালে স্কুল কর্তৃপক্ষ পুনরায় সুযোগ দেয়। রাকিন স্কুলের অনিয়মিত একজন ছাত্র বলে জানা গেছে। স্কুল ছাত্র সোহেল জানায়, টিফিনের জন্য বিরতি হলে স্কুল চত্বরে শান্ত ও রাকিনের মধ্যে স্কুল কেবিনেট নির্বাচন নিয়ে তর্ক-বিতর্ক শুরু হয়। এক পর্যায়ে রাকিন পকেট থেকে চাকু বের করে শান্তকে আঘাত করে পালিয়ে যায়। ভেড়ামারা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল জব্বার জানান, রাকিন নামের এক ছাত্র শান্তকে কি কারণে ছুরিকাঘাত করেছে এখনও জানা যায়নি। ৯ম শ্রেণীর ছাত্র শান্তর ছুরিকাঘাত গুরুতর। তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।